সংবাদ

08 SEP 2017
পৃষ্ঠা ...৫... কলাম ৫...

# 'শিক্ষকরা স্কুলে না গেলে শিক্ষার্থীরা ফেসবুকে খবর দেয়'

**জেলা বার্তা পরিবেশক, কিশোরগঞ্জ**

কিশোরগঞ্জে ইটনা সমিতির আয়োজনে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি কিশোরগঞ্জ-৪ (ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম) আসনের এমপি, রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সন্তান রেজওয়ান আহাম্মদ তৌফিক বলেছেন, এখন তথ্য প্রযুক্তির যুগ। অনেক তথ্যই ফেসবুকের বদৌলতে মুহূর্তেই জেনে নিতে পারি। কোন শিক্ষক বিদ্যালয়ে না গেলে শিক্ষার্থীরা আমার ফেসবুক ম্যাসেঞ্জারে খবর দিয়ে দেয়। আর সঙ্গে সঙ্গেই আমি অবগত হয়ে যাই। সব সময় হয়তো তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় না। তবে শিক্ষকদেরও এখন সচেতন থাকতে হবে, আন্তরিক হতে হবে। আর এখন প্রতিযোগিতার যুগ। ভর্তি হোক আর চাকরি হোক, সর্বত্রই প্রতিদ্বন্দ্বী অসংখ্য। কাজেই সেখানে টিকতে হলে মানসম্পন্ন শিক্ষা দরকার। কেবল সার্টিফিকেট অর্জনটাই শেষ কথা নয়, সকল ক্ষেত্রে প্রতিযোগিতায় টিকতে হবে। এর জন্য শিক্ষকদেরকেও মানসম্পন্ন পাঠদান করতে হবে বলে এমপি তৌফিক সকলকে স্মরণ করিয়ে দেন।

ইটনা সমিতির সভাপতি অ্যাডভোকেট আব্দুল মালেক ভূঁইয়ার সভাপতিত্বে বুধবার দুপুরে শহরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে রেজওয়ান আহাম্মদ তৌফিক এমপি ছাড়াও ইটনা উপজেলা চেয়ারম্যান চৌধুরী কামরুল হাসান, জেলা পরিষদ সদস্য অ্যাডভোকেট আবুল কাউসার খান মিলকি, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক দুই কমান্ডার একেএম মাহবুবুল আলম ও মো. আসাদ উল্লাহ, সমিতির সহ-সভাপতি গিয়াস উদ্দিন খান মিলকি, ইটনার রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি কলেজের অধ্যক্ষ মো. ইসলাম উদ্দিন, ইটনা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খলিলুর রহমান, সমিতির সম্পাদক মেহের উদ্দিন, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ফহমিদা আক্তার তৃপ্তি, সাজিদুর রহমান ও মো. তাকরিম বক্তব্য রাখেন।

প্রধান অতিথি রেজওয়ান আহাম্মদ তৌফিক এমপি হাওরাঞ্চলে মেয়ে শিক্ষার্থী বৃদ্ধিতে সন্তোষ প্রকাশ করার পাশাপাশি ছেলেদেরও শিক্ষার প্রতি আগ্রহী করে তোলার জন্য অভিভাবদের প্রতি আহবান জানিয়েছেন।